

## Translation 1:

For God so loved the world, that he gave his only begotten Son, that whosoever believeth in him should not perish, but have everlasting life.

কারণ আল্লাহ মানুষকে এতো মহব্বত করলেন যে তাঁর একমাত্র পুত্রকে দান করলেন যেন যে কেহ তাহাতে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়

## Translation 2:

### পিতার ভালবাসার চিঠি

সন্তান আমার!  
তুমি হয়ত আমাকে চেনো না,  
কিন্তু তোমার ব্যাপারে সবকিছু আমি জানি।  
আল যবুর ১৩৯:১

আমি তোমার উপবেশন ও তোমার উত্থান জানি  
আল যবুর ১৩৯:২

আমি তোমার সমস্ত পথ জানি  
আল যবুর ১৩৯:৩

এমন কি তোমার মাথার সমস্ত চুল পর্যন্ত আমার গণনা করা আছে।  
মথি ১০:২৯-৩১

কারণ তোমাকে নিজ ছুরতে আমি গড়েছি।  
পয়দায়েশ ১:২৭

আমাতাই তোমার জীবন, গতি ও সত্তা।  
প্রেরিত ১৭:২৮

উদরের মধ্যে তুমি গঠন হবার আগে থেকেই আমি তোমাকে জানতাম  
ইয়ারমিয়া ১:৪-৫

সৃষ্টিগ্ন থেকেই আমি তোমাকে নিরূপণ করেছিলাম  
ইফিষীয় ১:১১-১২

তোমাকে ভুল করে গঠন করিনি,  
তোমার সমস্ত দিন আমার পুস্তকে লিখিত আছে।  
আল যবুর ১৩৯: ১৫-১৬

তোমার জন্মের সুনির্দিষ্ট কাল আমি ঠিক করে রেখেছিলাম  
এবং তুমি কোথায় থাকবে তা-ও ঠিক করে রেখেছিলাম।  
প্রেরিত ১৭:২৬  
তুমি ভয়াবহরূপে ও আশ্চর্যরূপে নির্মিত  
আল যবুর ১৩৯: ১৪

আমি মাতৃগর্ভে তোমাকে বুনেছিলাম  
আল যবুর ১৩৯:১৩

তোমার জন্মলগ্ন থেকেই তোমাকে সন্মুখাবর্তী করে রেখেছি  
আল যবুর ৭১: ৬

যারা আমাকে চেনে না আমি তাদের হাত থেকে  
তোমাকে সুরক্ষিত রেখেছি।  
ইউহোনা ৮:৪১-৪৪

আমি দূরবর্তী ও রাগী নই,  
কিন্তু মহব্বতের পূর্ণ প্রকাশ।  
১ ইউহোনা ৪:১৬

আমার আকাঙ্ক্ষা এই যেন তুমি  
আমার মহব্বত বুঝতে পার  
১ ইউহোনা ৩:১

কারণ তুমি আমার সন্তান,  
আর আমি তোমার পিতা।  
১ ইউহোনা ৩:১

তোমার জাগতিক পিতা যা দেন,  
আমি তার চাইতেও বেশী তোমাকে দিই।  
মথি ৭:১১

কারণ আমি তোমার খাঁটি পিতা।  
মথি ৫:৪৮

সমস্ত উত্তম দান যা তুমি পাও  
তা আমার হাত থেকেই আসে  
ইয়াকুব ১:১৭

কারণ আমিই তোমার যোগানদাতা  
আর আমিই তোমার সমস্ত অভাব পূরণ করি।  
মথি ৬:৩১-৩৩

তোমার ভবিষ্যত সম্পর্কে আমার পরিকল্পনা  
আশাতীত ভাবে পূরণ করি।  
ইয়ারমিয়া ২৯:১১

কারণ আমি তোমাকে অনন্ত প্রেমে মহব্বত করি।  
ইয়ারমিয়া ৩১:৩

তোমার প্রতি আমার সংকল্প গণনাভীত,  
সমুদ্র তীরের বালুকার মত।  
আল যবুর ১৩৯:১৭-১৮

আমি তোমার বিষয়ে আনন্দ দগান সহ উল্লাস করি  
সফনিয় ৩:১৭

আমি তোমার মঙ্গল করতে কখনও ক্ষান্ত হই না  
ইয়ারমিয়া ৩২:৪০

কারণ তুমি আমার নিজস্ব অধিকার  
হিজরত ১৯:৫

আমি সর্বান্তঃকরণে ও প্রাণের সাথে তোমাকে প্রতিষ্ঠিত করব।  
ইয়ারমিয়া ৩২:৪১

আমি তোমাকে মহৎ ও দূরূহ নানা বিষয় জানাব।  
ইয়ারমিয়া ৩৩:৩

সমস্ত প্রাণের সাথে তুমি যদি আমাকে খোঁজ কর  
তাহলে তুমি আমার উদ্দেশ্য পাবে।  
দ্বিতীয় বিবরণ ৪:২৯

আমাতে আনন্দ দ কর,  
তাহলে আমি তোমার মনোবাঞ্ছা পূর্ণ করব।  
আল যবুর ৩৭:৪

কারণ আমিই তোমার অন্তরে সংকল্প দিয়ে থাকি।  
ফিলিপীয় ২:১৩

আমি তোমার সমস্ত চাওয়া ও চিন্তার চেয়েও  
অধিক কাজ করতে পারি।  
ইফিষীয় ৩:২০

কারণ আমিই তোমার সবচেয়ে উত্তম সান্তনাদানকারী।  
২ থিমোনীকীয় ২:১৬-১৭

আমিই তোমার সেই পিতা যিনি  
সমস্ত ক্রেশে তোমার সান্তনাদানকারী।  
২ করিন্থীয় ১:৩-৪

যখন তোমার অন্তর ভেঙ্গে চুরমার হয়ে যায়  
তখনও আমি তোমার নিকটবর্তী।  
আল যবুর ৩৪:১৮

একজন মেঘপালক যেমন তার শাবককে কোলে বহন করে  
তেমনি তোমাকে আমার হৃদয়ে বহন করেছি।  
ইশাইয়া ৪০:১১

একদিন আমি তোমার চোখের  
সব পানি মুছে দেব।  
প্রকাশিত কালাম ২১:৩-৪

এবং আমি তোমার সব ব্যথা তুলে নেব  
যা তুমি এই জগতে বয়ে চলেছো।  
প্রকাশিত কালাম ২১:৩-৪

আমি তোমার পিতা, আমি তোমাকে ভালবাসি  
যেমন আমি আমার পুত্র ঈসাকে ভালবাসি।  
ইউহোনা ১৭:২৩

ঈসার মধ্য দিয়ে তোমার প্রতি আমার ভালবাসা প্রকাশিত হয়েছে।  
ইউহোনা ১৭:২৬

সে আমার মহিমার হুবহু প্রকাশ  
ইবরানী ১:৩

সে একথা প্রকাশ করতে এসেছে যে,  
আমি তোমার সপক্ষ, বিপক্ষ নই।  
রোমীয় ৮:৩

এবং সে তোমাকে একথা বলতে এসেছে যে,  
আমি তোমার পাপ গণনা করব না।  
২ করিন্থীয় ৫:১৮-১৯

ঈসা মরলেন যেন তোমার ও আমার মধ্যে  
সম্মিলন হয়।  
২ করিন্থীয় ৫:১৮-১৯

ঈসার কাফফারা মৃত্যুই তোমার জন্য  
আমার ভালবাসার প্রকাশ।  
১ ইউহোনা ৪:১০

আমার সব ভালবাসা তাগ করেছি  
কেবল তোমার ভালবাসা পাওয়ার জন্যে।  
রোমীয় ৮:৩১-৩২

তুমি যদি আমার উপহার, আমার পুত্র ঈসাকে গ্রহণ কর  
তাহলেই কেবল আমাকে পাবে।  
১ ইউহোনা ২:২৩

দুনিয়ার কোন শক্তি আমাদের ভালবাসা থেকে  
পৃথক করতে পারবে না।  
রোমীয় ৮:৩৮-৩৯

আমার ঘরে আসো, তোমার সম্মানে আমি এমন বেহেস্তী  
মহাভোজ দেব যা কেউ কখনও জীবনে দেখেনি।  
লুক ১৫:৭

আমি সব সময় পিতা হয়ে আছি,  
ও তোমার পিতা হয়ে সব সময় থাকব।  
ইফিষীয় ৩:১৪-১৫

তোমার কাছে প্রশ্ন...  
তুমি কি আমার পুত্র হবে?  
ইউহোনা ১:১২-১৩

আমি তোমার ফেরার অপেক্ষায় আছি।  
লুক ১৫:১১-৩

ভালবাসা রইল...

ইতি,  
তোমার পিতা  
সর্বশক্তিমান আল্লাহ্